

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পরিকল্পনা-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৩১৫.২০১৬ (অংশ-৪)-৪৬৩

তারিখঃ ২৮ শ্রাবণ ১৪২৮
১২ আগস্ট ২০২১

প্রজ্ঞাপন

স্থানীয় সরকার বিভাগের অধীন স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের পার্শ্বে উল্লিখিত প্রকল্পের পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে প্রেরণে পদায়ন করা হল :

কর্মকর্তার নাম, পদবী, বর্তমান কর্মস্থল ও জ্যেষ্ঠতা	পদায়নকৃত প্রকল্পের নাম
জনাব মোঃ মোস্তাফিজুর রহমান নির্বাহী প্রকৌশলী (প্রেষণে) “চাহিদাভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-১, ঢাকা-১২১৬ জ্যেষ্ঠতা নং ২৫৭	প্রকল্পের নামঃ খুলনা বিভাগ পল্লী অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত) প্রকল্প। প্রকল্প ব্যয়ঃ ২৬৬৫.০০ কোটি টাকা (সম্পূর্ণ জিওবি) মেয়াদঃ জানুয়ারি ২০১৭ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত

শর্তাবলী :

- বর্ণিত কর্মকর্তা পদায়নকৃত “খুলনা বিভাগ পল্লী অবকাঠামো উন্নয়ন (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পে পূর্ণকালীন প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করবেন।
 - তিনি যদি ৫০.০০ কোটি টাকার উর্ধ্বের প্রাক্কলিত ব্যয় সম্বলিত অন্য কোন প্রকল্পে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্বরত থাকেন এ প্রজ্ঞাপন জারীর পর পরই তাঁকে উক্ত প্রকল্প হতে অব্যাহতি প্রদান করতে হবে এবং নতুন প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব প্রেরণ করতে হবে।
 - প্রেষণে নিয়োজিত কর্মরত কর্মকর্তার ক্ষেত্রে বিদ্যমান সকল শর্তাবলী/সরকারি আদেশ তাঁর বেলায় প্রযোজ্য হবে।
 - সংশ্লিষ্ট প্রকল্পের তহবিল হতে বর্ণিত কর্মকর্তা অনুমোদিত ডিপিপি/আরডিপিপি'র সংস্থান অনুযায়ী স্ব স্ব বেতন ভাতাদি গ্রহণ করবেন। কোন অবস্থায় সরকারী কর্মকর্তা হিসেবে বিধিসম্মতভাবে প্রাপ্য নয় এমন কোন আর্থিক সুবিধা গ্রহণ করতে পারবেন না।
 - যানবাহন, লজিস্টিকসহ অন্যান্য দাপ্তরিক সুবিধাদি তিনি শুধুমাত্র পূর্ণকালীন দায়িত্বপ্রাপ্ত প্রকল্প হতে অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুসারে সরকারী বিধি অনুযায়ী গ্রহণ করবেন।
 - বর্ণিত কর্মকর্তা তাঁর ক্ষেত্রে প্রযোজ্য সকল বাধ্যতামূলক চাঁদা যথাঃ ভবিষ্য তহবিল, যৌথবীমা, কল্যাণ তহবিল ইত্যাদি প্রদান করবেন।
 - তিনি এ প্রকল্পের আয়ন ও ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।
 - কর্তৃপক্ষ যে কোন সময় তাঁকে মূল পদে/পূর্বপদে পদায়ন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ০২। এটি জনস্বার্থে জারী করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(স্বাক্ষর)

(মোঃ আল-আমিন সরকার)

উপ সচিব

পরিচিতি নং-২০৩৯৪

ফোন : ৯৫৭৮০১২

planning1.lgd@gmail.com

স্মারক নং-৪৬.০৯৩.০১৪.০১.০০.৩১৫.২০১৬ (অংশ-৪)-৪৬৩

তারিখঃ ২৮ শ্রাবণ ১৪২৮
১২ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ০১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৪। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৫। অতিরিক্ত সচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৭। প্রধান, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৯। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। উপ সচিব (উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১২। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০
- ১৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ১৪। জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী (প্রেষণে), “চাহিদাভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়)” শীর্ষক প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-১, ঢাকা-১২১৬
(পদায়নকৃত প্রকল্পে প্রকল্প পরিচালক হিসেবে যোগদানপত্রের পৃষ্ঠাংকনের অনুলিপি এ বিভাগের পরিকল্পনা-১ শাখায় প্রেরণের অনুরোধ করা হলো)
- ১৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

(মোঃ আল-আমিন সরকার)